বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৫৮৮ তারিখ: ১৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

# পরিপত্র-২

**বিষয়ঃ জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ এবং ভোটকেন্দ্র স্থাপন**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণে জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইভিএম এর গঠন, কার্যক্রম উপযোগীকরণ, ব্যবহার, ভোটগ্রহণ প্রক্রিয়া ইত্যাদি বিষয়ক নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। এ সম্পর্কিত প্রাথমিক একটি নির্দেশাবলী এতদসংগে সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-১)।

২। জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৭ অনুসারে জেলা পরিষদ নির্বাচনের জন্য জেলা নির্বাচন কর্মকর্তা, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ৪(১) ও ১৪(১) এর অধীন বিভক্তিকৃত ওয়ার্ডের জন্য ওয়ার্ডভিত্তিক প্রস্তাবিত ভোটকেন্দ্রের নাম কমিশনের নিকট প্রেরণ করবেন এবং উক্ত তালিকায় উল্লিখিত প্রত্যেকটি ভোটকেন্দ্রে যেসকল এলাকার ভোটারগণ ভোট প্রদান করবেন সে সকল এলাকার নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করবেন। উল্লিখিত তালিকা প্রয়োজনে সংশোধন বা পরিবর্তন করে নির্বাচন কমিশন ভোটগ্রহণের তারিখে অন্যূন ১৫ (পনের) দিনের পূর্বে চূড়ান্ত করবেন।

৩। ভোটকেন্দ্রের প্রাথমিক তালিকা প্রস্তুত ও চূড়ান্তকরণের বিষয়ে একটি নীতিমালা নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন সহায়তা-২ শাখা হতে সত্বর প্রেরণ করা হবে। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ উক্ত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুতপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন। তবে তাৎক্ষণিক কাজের সুবিধার্থে ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুতের জন্য এতদসংগে একটি ছক সংযুক্ত করা হলো (পরিশিষ্ট-২)।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সংলগ্নী: উপরে বর্ণিত

০১/৯/২০২২

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৯১৮০৬৫৩

বিতরণ: ১। জেলা প্রশাসক, …………………………… (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার …… (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩। অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার…… (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৪। উপজেলা নির্বাহী অফিসার, …………………………………… (সংশ্লিষ্ট)
৫। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৬। উপজেলা/থানা নির্বাচন অফিসার, …………………………… (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৫৮৮ তারিখ: ১৭ ভাদ্র ১৪২৯
০১ সেপ্টেম্বর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা


অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,.......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, .......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার, ........................... (সকল) বিভাগ
১৩. অতিরিক্ত কমিশনার (সংশ্লিষ্ট)................................(সকল বিভাগ) ও আপিল কর্তৃপক্ষ
১৪. পুলিশ কমিশনার, ...........................(সংশ্লিষ্ট)
১৫. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং অনলাইনে মনোনয়নপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................... (সংশ্লিষ্ট)
২১. পুলিশ সুপার, ..............................(সংশ্লিষ্ট)
২২. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৪. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ....................... (সংশ্লিষ্ট)
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৮. অফিসার-ইন-চার্জ, .......................................................(সংশ্লিষ্ট) থানা।

( মোহাম্মদ আশিফুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা**

## জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ইভিএম ব্যবহার সংক্রান্ত নির্দেশাবলী

**ভূমিকা:** ইলেক্ট্রনিক ভোটিং মেশিন সংক্ষেপে "ইভিএম" হলো এমন একটি ইলেক্ট্রনিক ডিভাইস যাতে নির্ধারিত প্রোগ্রামের মাধ্যমে ভোটারদের নির্ভুলভাবে শনাক্ত করে ইলেক্ট্রনিক ব্যালট ইস্যুর মাধ্যমে ভোটাধিকার নিশ্চিত করা যায় এবং ভোটগ্রহণ শেষে অল্প সময়ের মধ্যে ভোটগণনা সম্পন্ন করা যায়।

২। **ইভিএম এর গঠন:** কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিট নিয়ে ইভিএম গঠিত। সংযোগ ক্যাবল ব্যবহার করে কন্ট্রোল ইউনিটের সাথে ব্যালট ইউনিটের সংযোগ স্থাপন করা হয়। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনে সর্বোচ্চ ৩টি পদের জন্য ব্যালট সংযোগ করতে হয়। প্রতিটি ব্যালট ইউনিটে সর্বোচ্চ দশ জন প্রার্থীর তথ্য প্রদর্শিত হয়। কোন পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা দশ জনের অধিক হলে উক্ত পদের অতিরিক্ত ব্যালট ইউনিট ব্যবহার করতে হয়। ভোট গ্রহণের চিত্র পোলিং এজেন্টদের প্রদর্শনের জন্য কন্ট্রোল ইউনিটের এইচডিএমআই পোর্ট ব্যবহার করে একটি মনিটর সংযোগ স্থাপন করা যায়, যার দ্বারা কন্ট্রোল ইউনিট চালু হতে ভোটার শনাক্তকরণ পর্যন্ত প্রদর্শন করা হয়।

৩। **জেলা পরিষদ নির্বাচনে ইভিএম মাধ্যমে ভোটগ্রহণ:** জেলা পরিষদ নির্বাচন-২০২২ উপলক্ষে জেলা পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সদস্য পদে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৩ এ নিম্নরূপ বিধান রয়েছে:

> "২৩। ব্যালট বা ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) মাধ্যমে ভোট গ্রহণ।—বিধি ২১ এ যা কিছুই থাকুক না কেন, বিধি ১৭ এর অধীন প্রার্থিতা প্রত্যাহারের পর যদি প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা একাধিক হয়, তাহা হইলে, এই বিধিমালায় বিধৃত পদ্ধতিতে গোপন ব্যালট বা, ক্ষেত্রমত, নির্ধারিত পদ্ধতি অনুসারে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোট গ্রহণ করিতে হইবে।"
>
> ব্যাখ্যা:- এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে "ইভিএম" অর্থ ভোট গ্রহণের জন্য ব্যবহৃত ইলেক্ট্রনিক ভোটিং মেশিন।

৪। **ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা:** জেলা পরিষদের চেয়ারম্যানসহ ৩টি পদে ইভিএম এর মাধ্যমে যথাযথভাবে ভোটগ্রহণের লক্ষ্যে ইভিএম এর গঠন, ব্যবহার প্রক্রিয়া ও অন্যান্য বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন বিভিন্ন নির্দেশনা প্রদান করেছেন।

৫। **জেলা পরিষদ নির্বাচনে ইভিএম ব্যবহার:** (১) জেলা পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সদস্য পদের নির্বাচনে ভোটদাতার পরিচিতি সনাক্তকরণ, ভোটার তালিকার সাথে যাচাই, ভোট প্রদান, ভোট রেকর্ড ও গণনার উদ্দেশ্যে কমিশন, প্রতিটি ক্ষেত্রে পরিবেশ পরিস্থিতি বিবেচনা করে তদ্‌কর্তৃক নির্দিষ্ট এক বা একাধিক কেন্দ্রে কিংবা সকল কেন্দ্রে ইভিএম ব্যবহার করা যাবে।

(২) যেক্ষেত্রে কোন জেলা পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সদস্য পদের নির্বাচনে ইভিএম ব্যবহার করা হয়, সেক্ষেত্রে ইভিএম এর মাধ্যমে ভোটদাতার পরিচিতি সনাক্তকরণ, ভোটার তালিকার সাথে যাচাই, ভোট প্রদান, ভোট প্রদানের রেকর্ড সংরক্ষণ ও গণনা করা যাবে।

(৩) যেক্ষেত্রে কোন নির্বাচনে ইভিএম ব্যবহার করা হয়, সেক্ষেত্রে, ভিন্নরূপ কোনো বিধান না থাকলে, আইনের অধীন প্রণীত কোনো বিধিমালায় উল্লিখিত "ব্যালট বাক্স" বা "ব্যালট পেপার" অর্থে ইভিএমও অন্তর্ভুক্ত হবে।

৬। **ব্যালট ইউনিটে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক:** (১) ইভিএম এর ব্যালট ইউনিটে চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য ও সদস্য পদে বাংলা বর্ণমালার ক্রমানুসারে নাম এবং প্রতীক প্রদর্শিত হবে।

(২) ইভিএম এর কন্ট্রোল ইউনিট চালু এবং ব্যালট ইউনিটে সংযোগের পর ব্যালট ইউনিটে চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে বাংলা বর্ণমালার ক্রমানুসারে নাম এবং প্রতীক দৃশ্যমান হবে।

৭। **কাস্টমাইজেশন টিম:** (১) প্রতিটি নির্বাচনে ইভিএম ব্যবহারের জন্য কমিশন ৩ (তিন) সদস্য বিশিষ্ট প্রয়োজনীয় সংখ্যক কাস্টমাইজেশন টিম গঠন করতে পারবে।

(২) কাস্টমাইজেশন টিম ভোটকেন্দ্র ও কক্ষ ভিত্তিক এসডি কার্ড, পোলিং কার্ড এবং অডিট কার্ড কাস্টমাইজ ও পারসোনালাইজেশন দায়িত্বে থাকবে।

৮। **কারিগরি কমিটি:** (১) ইভিএম এর কারিগরি দিক পরীক্ষা করর জন্য কমিশন কারিগরি কমিটি গঠন করতে পারবে।

(২) কারিগরি কমিটি-

(ক) ইভিএমসমূহে ব্যবহৃতব্য এসডি কার্ড, পোলিং কার্ড এবং অডিট কার্ড কাস্টমাইজেশনের জন্য প্রয়োজনীয় সফ্‌টওয়ার, কন্ট্রোল ইউনিটে ভোটারের ডাটাবেজ এর সঠিকতা যাচাই ও পরীক্ষা নিরীক্ষা করবে; এবং

(খ) দৈবচয়নের ভিত্তিতে কমপক্ষে ১% ইভিএম এর কার্যকারিতা পরীক্ষা করবে।

(৩) কারিগরি কমিটি বিধি ২৩ অনুসারে পরীক্ষা-নিরীক্ষা করার পর এতদসংগে সংযুক্ত নমুনায় (সংলগ্নী-১) মোতাবেক ইভিএম এর কার্যকারিতা লিখিতভাবে প্রত্যয়ন করবে।

৯। **ইভিএম প্রেরণ: (১)** নির্বাচনে ভোট গ্রহণের পূর্বে কমিশন হইতে রিটার্নিং অফিসারকে নির্বাচনি দ্রব্যাদির সাথে ইভিএম এর কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিটে উল্লিখিত নম্বর এবং পোলিং কার্ড, অডিট কার্ড ও এসডি কার্ডে উল্লিখিত নম্বর সংরক্ষণপূর্বক নিম্নবর্ণিত দ্রব্যাদি বুঝিয়ে দিবে, যথাঃ-

(ক) নির্দিষ্ট সংখ্যক ইভিএম (কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিট); এবং

(খ) নির্দিষ্ট সংখ্যক সীল করা খামে One Time Programmable পোলিং কার্ড, অডিট কার্ড, পিন ও পাসওয়ার্ড এবং এসডি কার্ড ।

(২) রিটার্নিং অফিসার ইভিএমসমূহ নিরাপত্তার সাথে সহকারী রির্টানিং অফিসারের নিকট প্রেরণ করবেন এবং সহকারী রিটার্নিং অফিসার উল্লিখিত দ্রব্যাদি নিরাপদে রাখবেন।

(৩) সহকারী রিটার্নিং অফিসার ছবিসহ ভোটার তালিকা এবং বিধি-২৩ এ বর্ণিত দ্রব্যাদি প্রিজাইডিং অফিসারকে বুঝিয়ে দিবেন।

১০। **প্রিজাইডিং অফিসারের দায়িত্ব** : (১) প্রিজাইডিং অফিসার ইভিএম গ্রহণ করার পর এতদসংগে সংযুক্ত নমুনায় (সংলগ্নী-২) মোতাবেক রেকর্ড সংরক্ষণপূর্বক প্রত্যেক ভোট কক্ষের সহকারী প্রিজাইডিং অফিসারকে ইভিএম বুঝিয়ে দিবেন এবং সহকারী প্রিজাইডিং অফিসারদের সহকারে কক্ষভিত্তিক মেশিনসমূহ সেটআপ করে কন্ট্রোল ইউনিট এবং গোপন কক্ষে ব্যালট ইউনিটসমূহ স্থাপন করে উহার কার্যকারিতা পরীক্ষা করে দেখবেন।

(২) প্রিজাইডিং অফিসার বা, ক্ষেত্রমত, সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণের পূর্বে ভোট কক্ষে ব্যবহৃত ইভিএম ও ব্যালট ইউনিট উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁহার এজেন্টদের সম্মুখে প্রদর্শন করবেন এবং ব্যালট ইউনিটে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা অনুযায়ী নাম ও প্রতীক সন্নিবেশিত আছে মর্মে নিশ্চিত করবেন।

(৩) প্রিজাইডিং অফিসার উল্লিখিত নমুনায় ইভিএম রেকর্ড সংরক্ষণ সংক্রান্ত ডকুমেন্ট বিভিন্ন ফরম ও প্যাকেটের সাথে ব্যাগে ভর্তি করে রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(৪) প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ শেষে সকল কক্ষের কার্ডসহ কন্ট্রোল ইউনিটসমূহ সহকারী প্রিজাইডিং অফিসারদের সহযোগিতায় ভোট গণনার জন্য নির্ধারিত একটি কক্ষে নিয়ে আসবেন এবং একটি মেশিন হতে কেন্দ্রভিত্তিক ফলাফল মুদ্রণ করবেন।

১১। **সহকারী প্রিজাইডিং অফিসারের দায়িত্ব:** (১) প্রিজাইডিং অফিসারের উপস্থিতিতে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিট সংযুক্ত করে মেশিনের সুইচ অন করবেন এবং সরবরাহকৃত এসডি কার্ড, অডিট কার্ড এবং পোলিং কার্ড নির্দিষ্ট স্লটে প্রবেশ করে এবং প্রদত্ত PIN ও Password প্রদান করে ইভিএমটি চালু করবেন।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ শুরুর পূর্বে পোলিং এজেন্টদের বিধি-২৩ এ বর্ণিত বিষয়াদি প্রদর্শন করবেন এবং কন্ট্রোল ইউনিটের ডিসপ্লেতে এবং তাহার প্রিন্ট কপি বাহির করে Demo লেখা ও টোটাল ভোট (Total Vote) এর সংখ্যা শূন্য দেখে এই মর্মে নিশ্চিত করবেন যে, উহা ডেমো মোড এ রহিয়াছে অর্থাৎ ইভিএমটিতে ইতোপূর্বে কোন ভোট প্রদান করা হয় নাই।

(৩) সহকারী প্রিজাইডিং অফিসার ডেমো ভোট সংক্রান্ত প্রিন্ট কপিতে উপস্থিত নির্বাচনি এজেন্টগণের স্বাক্ষর গ্রহণ করবেন এবং উহা নির্ধারিত প্যাকেটে ভরে বিভিন্ন ফরম ও প্যাকেটের সাথে ব্যাগে ভর্তি করে রাখবেন এবং পরবর্তীতে অন্যান্য ফরম ও প্যাকেটের সহিত ব্যাগে ভর্তি করে রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(৪) ভোট গ্রহণ শুরুর পূর্বে সহকারী প্রিজাইডিং অফিসার অনুচ্ছেদ ৯ (১), (২) ও (৩) এ বর্ণিত বিষয়াদি উল্লেখপূর্বক এতদসংগে সংযুক্ত নমুনায় (সংলগ্নী-৩) মোতাবেক সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারকে একটি প্রত্যয়নপত্র প্রদান করবেন এবং প্রত্যয়নপত্রটি বিভিন্ন ফরম ও প্যাকেটের সাথে ব্যাগে ভর্তি করে রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

১২। **ডেমো ভোটগ্রহণের মাধ্যমে ইভিএম এর কার্যকারিতা ও নিরপেক্ষতা যাচাই:** (১) ভোটদান পর্ব শুরুর আগে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী এবং পোলিং এজেন্টগণ ডেমো ভোট দিয়ে মেশিনটির কার্যকারিতা ও নিরপেক্ষতা যাচাই করে দেখতে পারবেন।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার ডেমো ভোট শুরুর প্রথমে ইভিএম এর মাধ্যমে শূন্য ভোট নিশ্চিত করবেন এবং একজন ডামি ভোটারকে ভোট প্রদান করবার জন্য আহবান করবেন।

(৩) ডামি ভোটার ব্যালট ইউনিটে তাহার পছন্দনীয় প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে ভোট দিবেন এবং তিনি যাহাকে ভোট দিলেন তাহা একটি কাগজে লিপিবদ্ধ করবেন।

(৪) ডেমো ভোট গ্রহণের পর ডেমো ফলাফলের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার অডিট কার্ড কন্ট্রোল ইউনিটে প্রবেশ করত ভোটারগণকে তাহাদের ডেমো ভোটের ফলাফল দেখতে পারবেন।

১৩। **ভোটারের পরিচয় নিশ্চিতকরণ:** ভোটার ভোট প্রদানের জন্য ভোটকেন্দ্রে উপস্থিত হবার পর ভোট প্রদানের পূর্বে সহকারী প্রিজাইডিং অফিসার স্মার্ট কার্ড, এনআইডি নম্বর ও ভোটার নম্বর এই তিনটি পদ্ধতির যে কোন একটির মাধ্যমে ভোটার শনাক্ত করবেন ও শনাক্ত শেষে ফিঙ্গার প্রিন্ট যাচাই এর মাধ্যমে ভোটারের পরিচয় নিশ্চিত করে ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু করবেন। কোন বৈধ ভোটারের আঙ্গুলের ছাপ ম্যাচিং না হলে নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত পরিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। **ভোটার কর্তৃক প্রদেয় ভোট সংখ্যা:** একজন ভোটার ইভিএম এর মাধ্যমে জেলা পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সদস্যের নির্বাচনের উদ্দেশ্যে একটি করে ভোট প্রদান করতে পারবেন।

১৫। **ভোটদান পদ্ধতি:** (১) বিধি ৩৪ (২), (৩), (৪), (৭) ও (৮) এর অধীন ভোটারকে সনাক্ত করবার পর একজন পোলিং অফিসার তার আঙ্গুলে অমোচনীয় কালি প্রদান করবেন এবং অপর পোলিং অফিসার তাহার নিকট রক্ষিত ছবিসহ ভোটার তালিকায় তাহার স্বাক্ষর অথবা টিপসই নিয়ে উপস্থিত এজেন্টদেরকে ভোটারের ক্রমিক নম্বর জানিয়ে দিবেন ও ছবিসহ ভোটার তালিকায় টিক চিহ্ন প্রদান করে সহকারী প্রিজাইডিং অফিসারকে ব্যালট ইউনিট সচল করতে অনুরোধ করবেন এবং অমোচনীয় কালি প্রদান সম্পন্ন হলে সহকারী প্রিজাইডিং অফিসার ভোটারের জন্য ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু করবেন।

(২) **ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু হওয়ার সঙ্গে সঙ্গে সহকারী প্রিজাইডিং অফিসার** ভোটিং মেশিনে "ভোটগ্রহণ প্রক্রিয়া চলছে, অনুগ্রহ করে অপেক্ষা করুন" মেসেজটি দেখতে পাবেন এবং ভোটারকে ভোট প্রদানের জন্য গোপন কক্ষে পাঠাবেন।

(৩) গোপন কক্ষে প্রবেশের পর ভোটার যেই প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে ভোট প্রদান করতে চাহেন সেই প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতীকের পাশের বাটন চাপিয়া প্রতীক পছন্দ করে সবুজ রঙের বাটন চেপে ভোট প্রদান সম্পন্ন করবেন, কোন কারণে ভোটার ভুল প্রতীকের বাটনে চাপ দিলে এবং উহা সংশোধন করতে চাইলে তার পছন্দের প্রতীকের বাটনে পুনরায় চাপ দিয়ে ভোট প্রদান করতে পারবেন, এইভাবে দুইবার সংশোধন করা যাবে, তৃতীয় বার যে প্রতীকের বাটনে চাপ দিবেন সেই প্রতীকেই ভোট প্রদান সম্পন্ন হবে এবং একই পদ্ধতি অনুসরণ করে অপর দুইটি পদের ভোট প্রদান সম্পন্ন করবেন, তবে যদি কোনো ভোটার কোনো পদে ভোট প্রদান করতে না চায়, তাহা হলে সংশ্লিষ্ট পদের ব্যালট ইউনিটে লাল বাটনে চাপ দিবেন।

(৪) ভোটারের ভোট প্রদান সম্পন্ন হলে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিটে "ভোটগ্রহণ সম্পন্ন" মেসেজটি দেখতে পাবেন এবং ভোটার " আপনার ভোট সম্পন্ন হয়েছে, ধন্যবাদ" কথাটি শুনতে পাবেন।

(৫) প্রত্যেক ভোটার ভোট প্রদান শেষে সবুজ বাটনে চাপ দিয়ে ভোট প্রদান সমাপ্ত করবেন এবং সহকারী প্রিজাইডিং অফিসার উক্ত বিষয়ে নিশ্চিত হবেন; যদি কোনো কারণে কোনো ভোটার সবুজ বাটনে চাপ না দিয়ে চলে যায়, সেইক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসার তা প্রিজাইডিং অফিসারকে অবহিত করবেন এবং প্রিজাইডিং অফিসার লাল বাটনে চাপ দিয়ে সংশ্লিষ্ট ভোটারের ভোট প্রদান সমাপ্ত করে পরবর্তী ভোটারের ভোট প্রদানের ব্যবস্থা করবেন।

(৬) ভোটার পরিচয় নিশ্চিতকরণ পদ্ধতি এবং উপবিধি (৩) ব্যতীত ভোট প্রদান পদ্ধতি প্রদর্শনের জন্য প্রয়োজনবোধে পৃথক ডিসপ্লে ডিভাইস ব্যবহার করা যাবে।

১৬। **প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতিতে ভোটগ্রহণ প্রক্রিয়া, ইত্যাদি:** (১) যদি কোনভাবে কোন ভোটকেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রম নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ব্যাহত হয়, সেক্ষেত্রে সম্ভব হলে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিটে ব্যবহৃত পোলিং কার্ডটি কন্ট্রোল ইউনিট হতে বের করে নিবেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আসলে প্রিজাইডিং অফিসার রিটার্নিং অফিসারকে পরিস্থিতি অবহিত করে পুনরায় ভোট গ্রহণ শুরু করবেন।

(২) যান্ত্রিক ত্রুটিজনিত কারণে যদি কোন ইভিএম এ ভোট গ্রহণ করা সম্ভব না হয়, সেইক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসার তা প্রিজাইডিং অফিসারকে অবহিত করবেন এবং প্রিজাইডিং অফিসার সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি গ্রহণপূর্বক কেন্দ্রে সংরক্ষিত ব্যাকআপ ইভিএম অবশিষ্ট ভোট গ্রহণের নিমিত্ত সহকারী প্রিজাইডিং অফিসারকে হস্তান্তর করিবেন; অতঃপর সহকারী প্রিজাইডিং অফিসার পূর্বের ন্যায় ভোট গ্রহণ শুরু করবেন এবং এক্ষেত্রে সহকারী প্রিজাইডিং অফিসার কক্ষে উপস্থিত পোলিং এজেন্টগণকে গোলযোগের পূর্বে গৃহীত ভোটের সংখ্যার সাথে "পোলিং কার্ড" এ সংরক্ষিত মোট গৃহীত ভোটের সংখ্যা যে মিল রয়েছে তা প্রদর্শন করবেন।

(৩) কোন যান্ত্রিক ত্রুটি বা প্রিজাইডিং অফিসারের নিয়ন্ত্রণ বহির্ভূত অন্য কোনো কারণে যদি ভোটগ্রহণ এমনভাবে বাধাগ্রস্থ হয় যে, নির্ধারিত সময়ের মধ্যে ভোট গ্রহণ শুরু করা অথবা পুনরায় ভোটগ্রহণ শুরু করা সম্ভব নয় বা ভোটকেন্দ্রের ফলাফল নির্ধারণ করা সম্ভব নয়, তাহলে প্রিজাইডিং অফিসার জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ১০ অনুসারে ভোটগ্রহণ বন্ধ ঘোষণা করে রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

(৪) অনুচ্ছেদ ১৪ (১) অনুসারে ভোটগ্রহণ বন্ধ করে দেয়া হলে রিটার্নিং অফিসার অবিলম্বে উক্ত ঘটনা সম্পর্কে কমিশনকে অবহিত করবেন এবং বিধি ৩৭ অনুসারে নির্বাচন কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৭। **ভোট গ্রহণ শেষে সহকারী প্রিজাইডিং অফিসারের দায়িত্ব:** সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ শেষে পোলিং এজেন্ট এবং আইনগতভাবে অনুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের সম্মুখে "ভোট শেষ" বাটনটি চাপবেন যার ফলে উক্ত ইভিএম এ আর কোন ভোট গৃহীত হবে না।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গণনার জন্য ইভিএম প্রিজাইডিং অফিসারের নিকট নিয়ে যাবেন।

১৮। **ভোট গণনা:** প্রিজাইডিং অফিসার আইনগতভাবে অনুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের সম্মুখে কেন্দ্রভিত্তিক ইভিএম এর কন্ট্রোল ইউনিট হতে ফলাফল মুদ্রণ করবেন এবং **মুদ্রণকৃত ফলাফল এর কপিতে প্রিজাইডিং অফিসার নিজে স্বাক্ষর করবেন এবং উপস্থিত পোলিং এজেন্টদের স্বাক্ষর গ্রহণ করবেন, কেহ স্বাক্ষর প্রদানে যদি অস্বীকৃতি জ্ঞাপন করলে তাও লিপিবদ্ধ করবেন।**

১৯। **ভোট গণনার বিবরণী প্রস্তুত:** প্রিজাইডিং অফিসার অনুচ্ছেদ ১৬ অনুযায়ী ইভিএম হতে মুদ্রিত ফলাফল জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ অধীন তফসিল-১ এর ফরম-ঞ, ঞ-১ ও ঞ-২ তে যথাক্রমে চেয়ারম্যান, সংরক্ষিত আসনের মহিলা সদস্য এবং সদস্যের পদের জন্য ভোট গণনার বিবরনী প্রস্তুত করবেন। বিবরণীতে উপস্থিত এজেন্টগণের স্বাক্ষর গ্রহণ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, ভোটগণনার বিবরণীর সাথে ইভিএম হতে থার্মাল কাগজে ভোটকেন্দ্রভিত্তিক মুদ্রিত ফলাফলের বিবরণীও সংযুক্ত করতে হবে।

২০। **ইভিএম এর ফলাফল পুনরায় যাচাই:** রিটার্নিং অফিসার কোনো ভোটকেন্দ্রের ইভিএম এর ফলাফল পুনরায় যাচাই করবেন না, যদি না-

(ক) কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট কর্তৃক লিখিতভাবে প্রিজাইডিং অফিসারের গণনা সর্ম্পকে আপত্তি করা হয় এবং রিটার্নিং অফিসার ঐ আপত্তির যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হন; অথবা

(খ) তিনি কমিশন কর্তৃক তা করতে আদিষ্ট হন ।

২১। **ভোট গণনার পর ইভিএম ও ব্যবহৃত এসডি কার্ড, অডিট কার্ড এবং পোলিং কার্ড হস্তান্তর: (১)** ভোট গণনা শেষে ফলাফল ঘোষণার পর প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে ব্যবহৃত এসডি কার্ড, অডিট কার্ড ও পোলিং কার্ড একটি প্যাকেটে সিলগালা করবেন এবং তা অন্যান্য নির্বাচনি মালামালের সাথে ব্যাগে রেখে সিলগালা করে ইভিএম এর কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিটসহ অন্যান্য যন্ত্রপাতি ইভিএম বাক্সে রেখে সিলগালাকৃত ব্যাগ ও ইভিএম বাক্স এবং পৃথক প্যাকেটে ফলাফল বিবরণী রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(২) রিটার্নিং অফিসার জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধান অনুসারে অনতিবিলম্বে ফলাফল ঘোষনা করবেন।

২২। **ব্যবহৃত ইভিএম সংরক্ষণ ও পুনঃব্যবহার:** (১) নির্বাচন শেষে রিটার্নিং অফিসার ইভিএমসমূহ সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসারকে বুঝিয়ে দিবেন এবং জেলা নির্বাচন অফিসার নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে সংরক্ষণ করবেন।

(২) সংরক্ষিত ইভিএমসমূহ কমিশনের নির্দেশনা মোতাবেক অন্য কোনো নির্বাচনে ব্যবহারের ব্যবস্থা গ্রহণ করবেন।

২৩। **কার্ডসমূহ সংরক্ষণ:** (১) নির্বাচনি ট্রাইব্যুনাল বা ক্ষেত্রমত, নির্বাচনি আপিল ট্রাইবুনাল এসডি কার্ড, অডিট কার্ড ও পোলিং কার্ড এ রক্ষিত ফলাফল ও ভোটার তালিকা পুনঃপরীক্ষা বা গণনার নির্দেশ প্রদান করতে পারবে এবং সেক্ষেত্রে ব্যবহৃত সিলকরা কার্ডসমূহ যে কোন ইভিএম এ প্রবেশ করে ফলাফল পুনরুদ্ধার করার ব্যবস্থা করবেন।

(২) নির্বাচনি দরখাস্ত বা অন্য কোনো কারণে সংরক্ষণের প্রয়োজন না হলে জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৪৬ এর বিধান অনুযায়ী ব্যবহৃত কার্ডসমূহ নির্বাচনি ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ হতে পরবর্তী ১ (এক) বৎসর পর্যন্ত জেলা নির্বাচন অফিসার তা সংরক্ষণের ব্যবস্থা করবেন এবং উক্ত মেয়াদ শেষে সংরক্ষিত কার্ডসমূহের বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

২৪। **ইভিএম গঠন, ব্যবহার ও অন্যান্য বিষয়ে নির্দেশনা:** জাতীয় সংসদের নির্বাচন ছাড়াও সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা নির্বাচন, উপজেলা পরিষদ নির্বাচন ও ইউনিয়ন পরিষদ নির্বাচনে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের বিধান রয়েছে। এ বিষয়ে প্রত্যেক নির্বাচনে পরিচালনা ম্যানুয়েল, প্রশিক্ষণ নির্দেশিকা, বিভিন্ন পরিপত্রে বিস্তারিত তথ্য নির্দেশনা রয়েছে। তাছাড়া ইভিএম ব্যবহারের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নিবীড় প্রশিক্ষণ ও মক ভোটিংয়ের ব্যবস্থা রয়েছে। উল্লিখিত নির্দেশনাবলী ও প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ দক্ষতার সাথে ইভিএম পরিচালনা তথা ব্যবহার করতে সক্ষম হবেন বলে নির্বাচন কমিশন প্রত্যাশা করেন।

-------

সংলগ্নী-১

## ইভিএম এর কার্যকারিতা সম্পর্কিত কারিগরি কমিটির প্রত্যয়নপত্র

| | জেলা পরিষদ |
|---|---|

যাচাইকৃত ইভিএম এর সংখ্যা |  | টি

| যাচাইকৃত ইভিএম নম্বর | |
|---|---|
| কন্ট্রোল ইউনিট নম্বর | ব্যালট ইউনিট নম্বর |
| | |

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, সফ্টওয়ার ইনস্টল করিবার পর নির্ধারিত সংখ্যক ইভিএম এর কার্যকারিতা পরীক্ষা, কেন্দ্রভিত্তিক অডিট কার্ড, পোলিং কার্ড ও এসডি কার্ডসমূহের কার্যকারিতা পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে এবং ইভিএমসমূহ নির্বাচন উপযোগী।

কমিটির সদস্যগণের নাম ও স্বাক্ষর

| সদস্যের নাম | স্বাক্ষর |
|---|---|
| ১ | ২ |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

তারিখ | | | দিন | | | মাস | | | | | বৎসর

সংলগ্নী-২

## প্রিজাইডিং অফিসার কর্তৃক সহকারী প্রিজাইডিং অফিসারকে ইভিএম বুঝাইয়া দেওয়ার রেকর্ড

[ ] জেলা পরিষদ [ ][ ] নম্বর সাধারন ওয়ার্ড [ ] উপজেলা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, [ ]
(ভোট কেন্দ্রের নম্বর ও নাম)

ভোটকেন্দ্রে ব্যবহারের নিমিত্তে নিম্নরূপে ইভিএমসমূহ বুঝাইয়া দেওয়া হইলঃ-

| ক্রমিক নম্বর | ইভিএম নম্বর | | ভোটকক্ষের নম্বর | গ্রহণকারী সহকারী প্রিজাইডিং বা পোলিং অফিসারের নাম ও স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | কন্ট্রোল ইউনিট নম্বর | ব্যালট ইউনিট নম্বর | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

স্থান. [ ]

[ ]
প্রিজাইডিং অফিসারের নাম, স্বাক্ষর ও সীল (যদি থাকে)

তারিখ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

সংলগ্নী-৩

## ইভিএম এর কার্যকারিতা সম্পর্কিত সহকারী প্রিজাইডিং অফিসারের প্রত্যয়নপত্র

[ ] জেলা পরিষদ [ ][ ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] উপজেলা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, [ ]

(ভোট কেন্দ্রের নম্বর ও নাম)

ভোট কেন্দ্রের .......... নম্বর ভোটকক্ষে সরবরাহকৃত ইভিএমটির কার্যকারিতা পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে।

| ক্রমিক নম্বর | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

স্থান [ ] [ ]

সহকারী প্রিজাইডিং অফিসারের নাম

স্বাক্ষর ও সীল (যদি থাকে)

তারিখ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(--------------------)

সিনিয়র সচিব